

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৪

তারিখঃ ১৪ মার্চ ২০১০
৩০ ফাল্গুন ১৪১৬

চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ/প্রধান নির্বাহী,
বাংলাদেশে নিবন্ধিত সকল ব্যাংক কোম্পানী।

প্রিয় মহোদয়,

**ব্যাংকের পরিচালনা পর্ষদ ও প্রধান নির্বাহীর দায়-দায়িত্ব
ও জবাবদিহিতা সম্পর্কিত বিধি-নিষেধ।**

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৬ তারিখঃ ৪ ফেব্রুয়ারী ২০১০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলারের ৬নং ক্রমিকে বর্ণিত নির্বাহী কমিটি গঠনে নিম্নলিখিত নির্দেশনা অনুসরণের জন্য ব্যাংকসমূহকে পরামর্শ দেয়া যাচ্ছেঃ

- ১। ব্যাংকের নির্বাহী কমিটিতে একই পরিবারের একাধিক সদস্য অন্তর্ভুক্ত করা যাবে না।
- ২। কোনো ব্যাংকের নির্বাহী কমিটিতে একই পরিবারের একাধিক সদস্য নিয়োজিত থাকলে সংশ্লিষ্ট ব্যাংক উল্লেখিত নির্দেশনা অনুযায়ী পরিচালনা পর্ষদের পরবর্তী সভায় নির্বাহী কমিটি পুনর্গঠন করবে।

ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ ৪৫(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশ জারী করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-
(মোঃ সোহরাওয়ার্দী)
মহাব্যবস্থাপক
ফোন : ৭১১৭৮২৫